

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mos.gov.bd

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) এর ১ম ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব এ এস এম মামুনের রহমান খলিলী, যুগ্ম-সচিব ও এপিএ টিম প্রধান
সভার তারিখ	:	২৪-১০-২০১৭ খ্রিঃ
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	:	নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৮০৮-৮১২)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement)-এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০১৭) মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করেন। নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক টিমের সদস্য বেগম রেবেকা সুলতানা, সিনিয়র সহকারী সচিব ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement)-এর ১ম ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। সভায় সেকশন-৩ এর প্রতিটি কার্যক্রম ও তার অর্জন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত সকল কর্মকর্তা আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় সেকশন-৩ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অনুচ্ছেদ নং ১.১ অনুযায়ী মন্ত্রণালয়ে ই-ফাইলিং বাস্তবায়নে সভাপতি অসন্তুষ্টি প্রকাশ করেন। আলোচনান্তে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আরও সচেতন হওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত :

- ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০১৭) মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনপূর্বক যথাসময়ে ওয়েবসাইটে আপলোডসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;
- আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ১.৬ নং অনুচ্ছেদ অনুযায়ী মন্ত্রণালয়ের বিনষ্টযোগ্য নথির বিষয়টি প্রশাসন-১ শাখা মাসিক সমন্বয় সভায় এজেন্ডায় অন্তর্ভুক্ত করবে;
- মন্ত্রণালয়ের সকল শাখা মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করবে;
- কল্যান কর্মকর্তার কাজ উল্লেখ করে সকল দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করতে হবে;
- মন্ত্রণালয়ে ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির সংখ্যা বাড়ানোর লক্ষ্যে সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের এম ৩.২ নং অনুচ্ছেদ অনুযায়ী স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রেরণের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করতে হবে;
- আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের এম ৫.৩ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রশাসন-১ শাখা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন বই আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩। সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

৩০-১০-২০১৭

জনাব এ এস এম মামুনুর রহমান খলিলী

যুগ্ম-সচিব

ও

এপিএ টিম প্রধান

নং ১৮.০০.০০০০.০১৬.০১.০০১.১৭-৭০


তারিখ : ০১-১১-২০১৭ খ্রিঃ।

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ১) চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা, বাগেরহাট
[দৃঃ আঃ জনাব মোঃ জহিরুল হক, পরিকল্পনা প্রধান]।
- ২) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম
[দৃঃ আঃ জনাব মোহাম্মদ মাহবুব মোরশেদ চৌধুরী, চীফ প্ল্যানিং]]।
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ, মতিঝিল, ঢাকা
[দৃঃ আঃ জনাব জাভেদ আনোয়ার, পরিচালক (পরিকল্পনা)]।
- ৪) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, কাওরান বাজার, ঢাকা
[দৃঃ আঃ জনাব মোঃ মামুন কবীর তরফদার, উপ-পরিচালক]।
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন, দিলকুশা, ঢাকা
[দৃঃ আঃ জেসমিন আরা বেগম, চীফ প্ল্যানিং ম্যানেজার]।
- ৬) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, ঢাকা
[দৃঃ আঃ জনাব তায়েবুর রহমান, উপপরিচালক (প্রশাসন)]।
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম
[দৃঃ আঃ জনাব মোঃ নওয়াব আসলাম হাবীব, মহা ব্যবস্থাপক (প্রশাসন)]।
- ৮) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা
[দৃঃ আঃ জনাব মোঃ আলমগীর খান, পরিচালক]।
- ৯) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম
[দৃঃ আঃ জনাব আতাউর রহমান, চীফ নটিক্যাল ইন্সট্রাক্টর]।
- ১০) কম্যান্ডেন্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম
[দৃঃ আঃ জনাব মোঃ আসাদুজ্জামান, উন্নয়ন কর্মকর্তা]।
- ১১) চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন
[দৃঃ আঃ জনাব জগন্নাথ দাস খোকন, পরিচালক (প্রশাসন)]।
- ১২) জনাব মোঃ রেজাউল করিম, যুগ্ম-সচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩) জনাব মোঃ মুহিদুল ইসলাম, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪) জনাব মোঃ উবায়দুল হক, উপ প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫) জনাব সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৭) বেগম সীমা রানী ধর, সহকারী প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম-সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


০১.১১.২০১৭
(বেবেকা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব (প্রশা-২)
ফোন : ৯৫৪০২১৯।